

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বিগত ৩ (তিন) বছরে সর্বমোট ৫৭,১৭৭ জন দর্শক গ্যালারি পরিদর্শন করেন। জয়নুল শিশু চারুপীঠে মোট ৭৬৬ জন শিক্ষার্থীকে ভর্তি ও চারুকলা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জয়নুল শিশু চারুপীঠের শিক্ষার্থীদের অঙ্কিত শিল্পকর্ম নিয়ে আয়োজিত ০২টি চিত্র প্রদর্শনী ১০,৮৪৩ জন দর্শক দর্শন করেন। জনসাধারণ এবং শিশু-কিশোরদের চিত্রকলা ও শিল্পকলায় সচেতনতা বৃদ্ধির জন্য ২৫টি প্রতিযোগিতা ও বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।